# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**30 JUNE 2025 7:45—7:55 PM IST**

==========================================================

(১) ১৮৮২ সালে গঠিত শিলচর পৌরসভা আজ আনুষ্ঠানিকভাবে নামফলকের মাধ্যমে পৌরনিগমে উন্নীত/ গুয়াহাটি এবং ডিব্রুগড়ের পর শিলচর রাজ্যের তৃতীয় পৌরনিগম/

(২) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার আজ রাজ্যে আরো দুটি বহুমুখী ক্রীড়া প্রকল্পের উদ্বোধন/

(৩) কেন্দ্রীয় সরাষ্ট্র তথা সমবায় মন্ত্রী অমিত শাহ্'র আজ নতুনদিল্লিতে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলসমূহের সমবায় মন্ত্রীদের মন্থন বৈঠকে পৌরহিত্য/

এবং

(৪) পর্যটকদের সুরক্ষা সুনিশ্চিত করার উদ্দেশ্যে মেঘালয়ের পূর্ব খাসি পাহাড় জেলার উপায়ুক্তের জেলায় ট্র্যাকিং করার সময়ে পর্যটকদের বাধ্যতামূলকভাবে ট্যুরিস্ট গাইডের সহায়তা নেবার নির্দেশ/

---

১৮৮২ সালে গঠন হওয়া শিলচর পৌরসভায় আজ পৌরনিগমের নতুন নামফলক আনুষ্ঠানিকভাবে লাগানো হয়েছে । গতবছরের নভেম্বর মাসে নিগমে উন্নীত হওয়ার বিজ্ঞপ্তি জারীর পরবর্তীতে আজ 'শিলচর পৌরনিগম' এই নামফলকটি আক্ষরিক অর্থে শিলচর শহরবাসীর জন্য নতুন দিগন্তের সূচনা করলো । উল্লেখ্য- ২০২২ সালের নভেম্বর মাসে এই নিগমে রূপান্তরিত কথা ঘোষণা করা হয়েছিল । শিলচর পৌরসভার ২৮টি ওয়ার্ডকে ৪২য়ে বৃদ্ধি করে পৌর নিগমে উন্নীত করার পর আগামী অক্টোবর মাসের মধ্যে এর নির্বাচন অনুষ্ঠিত হবার সম্ভাবনা রয়েছে বলে রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ

হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছিলেন । আজকের এই ফলক উন্মোচন অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ । এছাড়া শিলচর পৌরসভার শেষ চেয়ারম্যান নীহারেন্দ্র নারায়ণ ঠাকুর, রাজ্যাসভার সাংসদ সুস্মিতা দেব, শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন । পরে সংবাদ মাধ্যমের সঙ্গে কথাপ্রসঙ্গে সাংসদ কণাদ পুরকায়স্থ বলেন- শিলচর শহরকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে এটি একটি সঠিক পদক্ষেপ । এই পদক্ষেপের মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার বরাক ও ব্রক্ষ্মপুত্র উভয় উপত্যকাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার দৃষ্টিভঙ্গী প্রতিফলিত হচ্ছে ।

বাইট/কণাদ

এদিকে শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী তাঁর বক্তব্যে শিলচর পৌরসভার গৌরবোজ্জ্বল ঐতিহ্য এবং সেইসময়ে গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক পদক্ষেপ নিয়ে আলোচনা করেছেন । তিনি এই নতুন পদক্ষেপকে শিলচরের দ্রুত বিকাশ এবং সাধারণ মানুষের সম্মিলিত আকাঙ্খার প্রতিফলন বলে মন্তব্য করেছেন ।

আরেক রাজ্যসভার সাংসদ সুস্মিতা দেব তাঁর বক্তব্যে শিলচর শহরের নিকাশী ব্যবস্থার বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেন । তিনি শিলচর পৌরনিগমের নবনিযুক্ত আয়ুক্ত সৃষ্টি সিংকে শিলচর পৌরনিগমের আওতাধীন সমস্ত প্রকল্পের প্রতিবেদন এবং অর্থব্যয়ের তথ্য নিগমের সরকারী ওয়েবসাইটে যথাসময়ে আপলোড করার আহ্বান জানিয়েছেন । একইসঙ্গে নতুন প্রকল্পগুলির হোর্ডিং ও ব্যানার বাংলা ভাষায় করার অনুরোধ জানান ।

অনুষ্ঠানের শুরুতে শিলচর পৌরনিগমের নবনিযুক্ত আয়ুক্ত সৃষ্টি সিং নতুন কাঠামোর অধীনে শহরটির উন্নয়নমূলক প্রকল্পগুলির দ্রুত বাস্তবায়ন, নাগরিকমুখী সংস্কার এবং স্বচ্ছ প্রশাসন গড়ে তোলার বিষয়গুলিকে অগ্রাধিকার দেওয়া হবে বলে প্রতিশ্রুতি দেন।

স্মরণ করা যেতে পারে যে- ১৮৮২ সালে ইংরেজ শাসনের সময়ে স্টেশন কমিটি নাম দিয়ে গঠিত হওয়ার পর তা ১৯১৩ সালে জননেতা কামিনী কুমার চন্দের পৌরহিত্যে ‘সিটিজেন্স কমিটি’তে রূপান্তরিত হয় । শিলচর পৌরসভার এই দীর্ঘ যাত্রায় ৩৩জন সভাপতি এই পৌরসভায় তাদের সেবা প্রদান করেছেন । উল্লেখ্য- গুয়াহাটি এবং ডিব্রুগড় পৌরনিগমের পর শিলচর হচ্ছে রাজ্যের তৃতীয় পৌরনিগম।

---

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ গোলাঘাট জেলা ক্রীড়া সংস্থার নবনির্মিত ইন্ডোর স্টেডিয়ামের উদ্বোধন করেন । আসাম সরকারের গৃহ নির্মাণ ও নগর পরিক্রমা বিভাগ

শহরাঞ্চল পরিকাঠামো উন্নয়ন তহবিল প্রকল্পের অধীনে ৭ কোটি ৯৪ লক্ষ টাকা ব্যয় স্বাপেক্ষে এই স্টেডিয়ামটি নির্মাণ করেছে । মূখ্যমন্ত্রী ড.শর্মা আজ গোলাঘাট সরকারী বেজবরুয়া উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের নবনির্মিত ক্রীড়া প্রকল্পেরও উদ্বোধন করেন । মূখ্যমন্ত্রী তাঁর ভাষণে আসামের স্থানীয় খেলাগুলির সংরক্ষণের বিষয়ে বিশেষভাবে উল্লেখ করে বলেন যে এই ক্রীড়া প্রকল্পের অংশ হিসেবে নির্মাণ করা ক্রীড়া সংগ্রহালয়ে রাজ্যের প্রায় প্রত্যেক বিশিষ্ট ক্রীড়াবিদের সফলতাসমূহ প্রদর্শন সহ পরম্পরাগত খেলাগুলির সংরক্ষণেরও ব্যবস্থা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্র তথা সমবায় মন্ত্রী অমিত শাহ আজ নতুন দিল্লীতে রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলসমূহের সমবায় মন্ত্রীদের মন্থন বৈঠকে পৌরহিত্য করেন । সমবায় ক্ষেত্রকে শক্তিশালী করার লক্ষ্যে পৌছঁনোর যাত্রার অগ্রগতির পর্যালোচনা , মত বিনিময় এবং ভবিষ্যতের কর্মপন্থা গঠনের ক্ষেত্রে এই মন্থন বৈঠক উপযুক্ত মঞ্চ হিসেবে পরিগণিত হবে বলে আশা প্রকাশ করা হয়েছে ।  বৈঠকের সময়ে ২ লক্ষ নতুন বহুমুখী প্রাথমিক কৃষি ঋণ সমিতি গঠন , দুগ্ধ ও মীন সমবায় সমিতি স্থাপন সহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ন বিষয়ে আলোচনা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের অষ্টম শ্রেণী থেকে দশম শ্রেণীর মধ্যে ড্রপ আউট ছাত্র ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পাবার বিষয়টিকে নিয়ে রাজ্য সরকার গভীর উদ্বেগ প্রকাশ করেছে । বিদ্যালয় শিক্ষা বিভাগ এর কারণগুলি বিস্তারিত অধ্যয়নের জন্য একটি উচ্চ পর্যায়ের সমিতি গঠন করেছে । বিদ্যালয় শিক্ষা বিভাগের অতরিক্ত সচিব কৃষ্ণা বরুয়ার অধ্যক্ষতায় সমগ্র শিক্ষার বিশেষ কর্তব্যরত আধিকারিক ,প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের উপ-সঞ্চালক ,ইউনিসেফ এবং কেন্দ্রীয় স্কোয়ার ফাউন্ডেশনের প্রধানকে নিয়ে এই সমিতি গঠন করা হয়েছে । সমিতি ছাত্র ছাত্রীদের ড্রপ আউটের কারণগুলি অধ্যয়ন করে যাবতীয় পরামর্শবলীসহ ১৫ আগস্টের মধ্যে মূখ্যমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন দাখিল করবে ।

এদিকে রাজ্যের শিক্ষাবর্ষের পরিবর্তনের জন্য শিক্ষা বিভাগ অতিরিক্ত সচিব কৃষ্ণা বরুয়ার অধ্যক্ষতায় একটি নতুন উচ্চপর্যায়ের কমিটি গঠন করেছে । উল্লেখ্য কোভিড মহামারীর সময়ে ২০২১ সাল থেকে রাজ্যের শিক্ষাবর্ষ পরিবর্তন করা হয়েছিলো । পূর্বে পয়লা জানুয়ারী থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত শিক্ষাবর্ষ থাকলেও ২০২১ সাল থেকে পয়লা এপ্রিল থেকে ৩১ শে মার্চ পর্যন্ত শিক্ষাবর্ষ পরিবর্তন করা হয়েছিলো । এরপর বিভিন্ন দল সংগঠন রাজ্যের শিক্ষাবর্ষ আগের মতো বহাল রাখতে সরকারের কাছে দাবী

জানিয়ে আসার পরিপ্রেক্ষিতে বিষয়টি অধ্যয়নের জন্য রাজ্য সরকার এই উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছে বলে শিক্ষামন্ত্রী ডা:রণোজপেগু জানিয়েছেন । কমিটি প্রথম পর্যায়ে বিষয়টি আলোচনা করার জন্য রাজ্যের ১০ জন শিক্ষাবিদকে বাছাই করে তাঁদের সঙ্গে আলোচনায় মিলিত হবে । দ্বিতীয় পর্যায়ে কমিটি ছাত্র সংগঠনের নেতার সঙ্গে এসম্পর্কে আলোচনা করার জন্য অভিভাবকদের সঙ্গে মিলিত হবে । এরপর কমিটি এ বিষয়ে এক প্রতিবেদন শিক্ষা বিভাগকে দাখিল করবে । এই প্রতিবেদনের ভিত্তিতেই শিক্ষাবর্ষ পরিবর্তন সম্পর্কে রাজ্য সরকার চিন্তা ভাবনা করবে বলে শিক্ষামন্ত্রী জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

আসাম প্রদেশ কংগ্রেস কমিটি আজ গৌহাটীর রাজীব ভবনে আসাম জাস্টিস শীর্ষক একটি পোর্টেল চালু করেছে । বিধায়ক জাকির হুসেন সিকদার ,মহিলা কংগ্রেসের সভানেত্রী মীরা বরঠাকুর সহ অন্যান্য নেতা-কর্মীর উপস্থিতিতে বিরোধী দলপতি দেবব্রত শইকিয়া এই পোর্টেলটি চালু করেন । এরপর শ্রী শইকিয়া এক সাংবাদিক সম্মেলনে বলেন যে রাজ্যের পঞ্চায়েত ব্যাবস্থা থেকে শুরু করে শিক্ষা ,স্বাস্থ্য ,সড়ক ইত্যাদি সমস্যা সম্পর্কে জনসাধারণ এই পোর্টেলের মাধ্যমে অভিযোগ দাখিল করতে পারবেন । তিনি বলেন যে জনসাধারণের দাখিল করা সমস্যাগুলি পঞ্জীয়ন করে এক্ষেত্রে উপযুক্ত ব্যাবস্থা গ্রহণের জন্য বিরোধী দলপতির কার্যালয় থেকে সরকারী বিভাগসমূহকে অবগত করানো হবে এবং এই সমস্যাগুলি সমাধানের জন্য সরকারকে চাপ দেওয়া হবে ।

-----------------------------------------------------------------------------------

পর্যটকদের সুরক্ষা সুনিশ্চিত করার উদ্দেশ্যে মেঘালয়ের পূর্ব খাসি পাহাড় জেলার উপায়ুক্ত তথা জেলা পর্যটন প্রসার সমিতির অধ্যক্ষ মেঘালয়ে ট্রেকিং করার সময়ে পর্যটকদের বাধ্যতামূলক ট্যুরিষ্ট গাইডের সহায়তা নিতে এক নির্দেশ জারী করেছেন । আজ শিলংয়ে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে । ট্রেকিংয়ের সময় কোনো দূর্ঘটনা সংঘটিত হলে নিজেকে সুরক্ষিত রাখার ক্ষেত্রে পর্যটকরা যাতে কোনো অসুবিধার সম্মুখীন না হন তার জন্য এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

সরকারী প্রকল্পে যোগ্য হিতাধিকারীদের নাম বেশী করে অর্ন্তভুক্ত করতে হবে । হাইলাকান্দি জেলার অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত পর্যালোচনা বৈঠকে এই নির্দেশ দিয়েছেন । সভায় জানানো হয় যে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ে এখনো পর্য্যন্ত ৪৯ হাজার ৪০২ জন হিতাধিকারীর নাম আপলোড করা হয়েছে । এছাড়া মূখ্যমন্ত্রী আত্ম-নির্মান প্রকল্পে এক

হাজার ৭৬৪ জন , একটি কলি -দুটি পাতা প্রকল্পে ১১ হাজার ৯শ ২৮ জন এবং মূখ্যমন্ত্রী মহিলা উদ্যোমিতা অভিযান প্রকল্পে এক হাজার ৭শ ৬৪ জন উপকৃত হয়েছেন বলে জানানো হয় । আজকের সভায় তিন বিধায়ক সুজাম উদ্দিন লস্কর , জাকির হোসেন লস্কর , নিজাম উদ্দিন চৌধুরী সহ জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম , পুলিশ সুপার অমিতাভ সিনহা প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা প্রশাসনের সহযোগীতায় এবং আর্টিফিশিয়াল লিম্বস ম্যানুফেকচারিং কর্পোরেশন অব ইন্ডিয়ার উদ্যোগে আগামীকাল শ্রীভূমি জেলা গ্রন্থাগার ভবনে দিব্যাঙ্গ ব্যাক্তিদের সহায়ক সামগ্রী প্রদান করা হবে । শ্রীভূমির জেলা সমাজ কল্যাণ আধিকারীক জানিয়েছেন যে কেন্দ্রীয় সরকারের এ ডি আই পি এবং আর ভি ওয়াই প্রকল্পের অধীনে শ্রীভূমি জেলায় শনাক্ত হওয়া দিব্যাঙ্গ ব্যাক্তিদের এই সহায়ক সামগ্রীগুলি প্রদান করা হবে। অনুষ্ঠানে রাজ্যের পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল এবং সাংসদ কৃপানাথ মালা সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

---------------------------------------------------------------------------------